2022

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.০০০.০০০.২৬.০০০১.২৬** নথির বিষয়: Disassembling, repairing, cleaning, servicing & installation of Cap Cutter Machine related works. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **Disassembling, repairing, cleaning, servicing & installation of Cap Cutter Machine related works. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৫/৮/২৬ ৪:২০ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৪ দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার বোতলজাত পানি উৎপাদন প্ল্যাণ্ট একটি জনগুরুত্বপূর্ণ জনসেবামূলক বাণিজ্যিক প্রতিষ্ঠান। "শান্তি" বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের মাধ্যমে ২৫০ মি:লি:, ০.৫ লিটার, ১.০ লিটার, ১.৫ লিটার, ২.০লিটার, ৫ লিটার সাইজের বোতলজাত পানি উৎপাদন ও বিক্রয় এবং ২০ লিঃ জারে পানি ফিলিং ও বিক্রয় করা হয়। অত্র প্ল্যান্ট হতে ২৫০ মি:লি:, ৫০০ মি:লি:, ১.০ লিটার, ১.৫ লিটার, ২.০লিটার সাইজের মোট ০৫টি বোতল পানি ক্যাপিং করার জন্য ২৮ মিঃমিঃ ব্যাস সাইজের ক্যাপ প্রয়োজন। উক্ত ইনজেকশন মেশিনে ২৮ মিঃমিঃ সাইজের ক্যাপ মোল্ড ও ক্যাপ কাটার মেশিন যান্ত্রিক ক্রটির কারণে বন্ধ অবস্থায় রয়েছে। উক্ত মেশিন সমূহ সচল ও কার্যক্ষম রাখার লক্ষ্যে প্রয়োজনীয় মেরামত, সার্ভিসিং, স্পেয়ার পার্টস পরিবর্তন এবং টেস্টিং করা প্রয়োজন। সংশ্লিষ্ট সেকশনের অপারেটরগণ ও অভিজ্ঞ সার্ভিস প্রতিষ্ঠানের মাধ্যমে মেশিনসমূহ সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ সম্পন্ন করার জন্য সার্ভে প্রতিবেদন তৈরি করা হয়েছে (সংযুক্তি - ০২)।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৫/৮/২৬ ৪:২১ অপরাহ্ন

তাই প্ল্যান্টের উৎপাদন সচল রাখার স্বার্থে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদনের জন্য অভিজ্ঞ বিভিন্ন সার্ভিস প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশনের (ক্রমিক-৩ দ্রঃ) উপর ভিত্তি করে প্রাক্কলন তৈরী করা হয়েছে (ক্রমিক-৪ দ্রঃ)। আলোচ্য কাজে ব্যয়ের পরিমান ১,৯৬,০৪০.০০০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার চল্লিশ দশমিক শূন্য টাকা মাত্র) টাকা। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৬-২৭ অর্থ বৎসরের রাজস্ব বাজেট বরাদ্দের Bottle Plant Maintenance (01-04-012) খাতের আওতায় SL. No-16 হতে নির্বাহ করা যেতে পারে। উল্লেখ্য যে, গত ১৯/০৮/২০২৬ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ক্যাপ মোল্ড ও কাটার মেশিনের সাহায্যে ক্যাপ উৎপাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। নির্দেশনা মোতাবেক উক্ত মেশিনের মাধ্যমে ক্যাপ উৎপাদন করা হলে বাজার হতে ক্যাপ ক্রয়ের তুলনায় উৎপাদন ব্যয় কম হবে এবং অধিকতর আর্থিক সাশ্রয় অর্জন করা সম্ভব হবে। অতএব, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে ক্যাপ মোল্ড ও কাটার মেশিনটি সচল করার জন্য প্রয়োজনীয় মেরামত ও সার্ভিসিং কার্যক্রম সম্পন্ন করা অতীব জরুরি। **DoFP অনুযায়ী অনুমোদন ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।**

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৫/৮/২৬ ৪:২২ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট PPA-2006 এবং বিধিমালা PPR-2025 এর ৯৯(১)(ড) অনুসরণে সরাসরি চুক্তি (ডিপিএম) পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান সিকদার কনষ্ট্রাকশন এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। কাজটির দরপত্র দলিল BPPA প্রণীত STD অনুসরণ পূর্বক প্রণয়ন করত কার্য সম্পাদন করা হবে। কাজের দরপত্র প্রস্তুত, আহবান, চুক্তি সম্পাদন, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/৮/২৬ ৪:২৬ অপরাহ্ন

এমতাবস্থায় উপরোক্ত অনুচ্ছেদ নং - ০১ হতে ০৩ এর বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে Disassembling, repairing, cleaning, servicing & installation of Cap Cutter Machine related works কাজটির উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে।

ক। উল্লেখিত কাজে ১,৯৬,০৪০.০০০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার চল্লিশ দশমিক শূন্য টাকা মাত্র) টাকা প্রাক্কলনটির অনুমোদন।

খ। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৬-২৭ অর্থ বৎসরের রাজস্ব বাজেট বরাদ্দের Bottle Plant Maintenance (01-04-012) খাতের আওতায় SL. No-16 হতে নির্বাহ করার অনুমোদন। যা ২০২৬-২০২৭ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হবে।

গ। উক্ত কাজটি উপর্যুক্ত শর্তাবলীসহ BPPA প্রণীত STD এবং PPR-2025 এর ধারা ৯৯(১)(ড) অনুসরণে সরাসরি চুক্তি (ডিপিএম) প্রক্রিয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান সিকদার কনষ্ট্রাকশন এর মাধ্যমে সম্পন্নের অনুমোদন।

ঘ। সংশ্লিষ্ট কাজের দরপত্র প্রস্তুত, আহবান, চুক্তি সম্পাদন, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

২৫/৮/২৬ ৪:৩৯ অপরাহ্ন মোহাম্মাদ তৈয়ব উদ্দীন উপ-সহকারী প্রকৌশলী "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট	২৫/৮/২৬ ৪:৫২ অপরাহ্ন মোহাম্মাদ রাকিব সাদমান সহকারী প্রকৌশলী "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট	২৭/৮/২৬ ৮:৪৯ পূর্বাহ্ন এস. এম. তৌফিকুর রহমান প্লান্ট ম্যানেজার "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট	১/৯/২৬ ৯:৩৮ পূর্বাহ্ন আলমগীর হাছিন আহমেদ প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলীর দপ্তর

= ০৬২

ঢাকা ওয়াসা

৩/৯/২৬ ৯:৩৬ পূর্বাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ড এম) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ডএম) এর দপ্তর

~~৩/৯/২৬ ৯:৩৬ পূর্বাহ্ন~~
~~ড. মুহা. মনিরুজ্জামান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

সংযুক্তিসমূহ (৪):
১। ২০২৬-২০২৭ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের কপি।.
২। আলোচ্য কাজের জন্য সার্ভে প্রতিবেদন কপি।.
৩। আলোচ্য কাজের জন্য সংগৃহীত কোটেশন দরের.
৪। আলোচ্য কাজের প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১০/৯/২৬ ৩:৫৪ অপরাহ্ন

আলাপ করুন।

১০/৯/২৬ ৩:৫৪ অপরাহ্ন
ড. মুহা. মনিরুজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

~~১০/৯/২৬ ৩:৫৪ অপরাহ্ন~~
~~মির্জা গোলাম কিবরিয়া~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক~~
~~(ওএন্ড এম) (অতিরিক্ত দায়িত্ব)~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক~~
~~(ওএন্ডএম) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৩/৯/২৬ ১১:৪৬ পূর্বাহ্ন

Please join the discussion.

১৩/৯/২৬ ১১:৪৬ পূর্বাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ড এম) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(ওএন্ডএম) এর দপ্তর

= ০৪০

১৩/৯/২৬ ১১:৪৬ পূর্বাহ্ন
এস. এম. তৌফিকুর রহমান
প্লান্ট ম্যানেজার
"শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১৪/৯/২৬ ২:১২ অপরাহ্ন

অনুচ্ছেদ- ১.৪ এ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের টোকার প্রেক্ষিতে আলোচনা করা হয়েছে। গত ১৯/০৮/২০২৬ইং তারিখে ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে এবং উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ), উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন), কমার্শিয়াল ম্যানেজার, সচিব, প্রধান রাজস্ব কর্মকর্তা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মড্‌স সার্কেল-১ ও ২) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি পুনর্বাসন ও উন্নয়ন সার্কেল) এর উপস্থিতিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শান্তি বোতলজাত পানি উৎপাদন প্লান্টের সার্বিক অবস্থা সম্পর্কে অবহিত করা হয় এবং নানাবিধ বিষয়াদি উপস্থাপন করা হয়।

সভার এক পর্যায়ে জানানো হয় যে, শান্তি বোতলজাত পানি উৎপাদন প্লান্টের ২৫০মিলি, ৫০০মিলি, ১লিটার, ১.৫লিটার, ২লিটার বোতল পানির জন্য ২৮মি.মি. এর ক্যাপ প্রয়োজন হয় যা ২০১৬ সাল হতে টেন্ডারের মাধ্যমে ক্রয় করা হয়। অথচ এই ক্যাপ বানানোর জন্য একটি ইঞ্জেকশন মেশিন রয়েছে যেখানে কাটার মেশিনের সমস্যার কথা উল্লেখ করা হয়। এই মেশিনটি ঠিক করা গেলে এই ক্যাপ বানানো বাবদ প্রতি বোতলে আনুমানিক ৫০ থেকে ৭০পয়সা কম খরচ হবে। এই মেইন্টেনেন্সের জন্য ঠিকাদারের লাভ, ভ্যাট, ট্যাক্স ছাড়া দেড় লাখ টাকার কাছাকাছি খরচ হবে বলে জানানো হয়। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জরুরী ভিত্তিতে মেরামত কাজটি পরিচালনার নির্দেশ প্রদান করেন। পরবর্তীতে এই ধরণের কাজ করতে সক্ষম এমন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে জরুরী কোটেশন সংগ্রহ করা হয় এবং প্রাপ্ত সর্বনিম্ন কোটেশনের ভিত্তিতে একটি প্রাক্কলিন প্রস্তুত করা হয়েছে। ঠিকাদারের লাভ, ভ্যাট, ট্যাক্সসহ মোট প্রাক্কলনের পরিমান দাঁড়িয়েছে ১,৯৬,০৪০.০০০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার চল্লিশ দশমিক শূন্য টাকা মাত্র) কাজটি ইতিমধ্যে ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার Package no. W-10 এ অন্তর্ভুক্ত করা হয়েছে। জরুরী নির্দেশনার প্রেক্ষিতে কাজটি PPR-2025 এর ধারা ৯৯(১)(ড) অনুসরণে সরাসরি চুক্তি (ডিপিএম) প্রক্রিয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান সিকদার কনষ্ট্রাকশন এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (১):

১। APP 2026-27 এর কপি.

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ১৪/৯/২৬ ২:১৮ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ নং ১.০ হতে ১.৬ এর বর্ননার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে Disassembling, repairing, cleaning, servicing & installation of Cap Cutter Machine related works কাজটির উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারেঃ

i. উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য মোট ১,৯৬,০৪০.০০০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার চল্লিশ দশমিক শূন্য টাকা মাত্র) টাকা প্রাক্কলনটির অনুমোদন।

ii.

ঢাকা ওয়াসা

কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৬-২৭ অর্থ বৎসরের রাজস্ব বাজেট বরাদ্দের Bottle Plant Maintenance (01-04-012) খাতের আওতায় SL. No-16 হতে নির্বাহ করার অনুমোদন। যা ২০২৬-২০২৭ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার ২০২৬-২৭ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার Package no. W-10 তে অন্তর্ভুক্ত করা হয়েছে।

iii. উক্ত কাজটি উপর্যুক্ত শর্তাবলীসহ BPPA প্রণীত STD এবং PPR-2025 এর ধারা ৯৯(১)(ড) অনুসরণে সরাসরি চুক্তি (ডিপিএম) প্রক্রিয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান সিকদার কনস্ট্রাকশন এর মাধ্যমে সম্পন্নের অনুমোদন।

iv. সংশ্লিষ্ট কাজের দরপত্র প্রস্তুত, আহবান, চুক্তি সম্পাদন, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

১৪/৯/২৬ ২:৩৪ অপরাহ্ন	১৪/৯/২৬ ২:৪৪ অপরাহ্ন	১৬/৯/২৬ ৩:২০ অপরাহ্ন
এস. এম. তৌফিকুর রহমান প্লান্ট ম্যানেজার "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট	আলমগীর হাছিন আহমেদ প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলীর দপ্তর	মির্জা গোলাম কিবরিয়া উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) (অতিরিক্ত দায়িত্ব) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ঢাকা ওয়াসা

MD

ড. মুহা. মনিরুজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
ঢাকা ওয়াসা।

DMD

29/09/2026

মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।

Plant Manager (SBWP)

30.09.2026

মোঃ আবিদ হোসেন
প্ল্যান্ট ম্যানেজার
বোপাউপ্ল্যা, ঢাকা ওয়াসা।